...নিয়মাবলী
...টিকেট সম্বলিত ১০×৪½ ইঞ্চি বা ২৫৫×১১৫ ... (উপর প্রদত্ত) অথবা ক্রসড ... অফেরতযোগ্য ... বিশ
...শ্ব ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী বই ডাকযোগে
...রেজিস্ট্রি...


তারিখ ... 27 FEB 1991
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ১ ...


# দৈনিক ইত্তেফাক

03

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### শিক্ষা মন্ত্রণালয়,
### ঢাকা

নং-শিবিশা-১১/২-৩/৯১/৯৪(৫০)-শিক্ষা

তারিখ : ২০/২/১৯৯১ ইং
০৭/১১/১৩৯৭ বাং

# বিজ্ঞপ্তি

ভারত সরকারের বৃত্তির অধীনে ১৯৯১-৯২ শিক্ষা বর্ষের অধীনে স্নাতকপূর্ব পর্যায়ে নিম্নোক্ত বিষয়-সমূহে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। কেবলমাত্র উল্লিখিত শর্তাবলী পূরণে সক্ষম প্রার্থীরাই আবেদন করিতে পারিবেন।

| ক্রমিক নং বিষয়/ক্ষেত্র | সুযোগ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| (১) প্রকৌশল (সকল শাখা) | ০৭টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ গড়ে শতকরা ৮০% নম্বর (বিজ্ঞান বিভাগ)। |
| (২) চিকিৎসা বিজ্ঞান | ০৫টি | |
| (৩) ফার্মেসী | ০১টি | |
| (৪) পদার্থ বিদ্যা | ০১টি | |
| (৫) রসায়ন | ০১টি | |
| (৬) গণিত | ০১টি | |
| (১) কৃষি বিজ্ঞান | ০১টি | কৃষি বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগ। |
| (১) বস্ত্র প্রযুক্তি | ০১টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ গড়ে শতকরা ৭৫% নম্বর (বিজ্ঞান বিভাগ)। |
| (২) কাচ ও মৃৎশিল্প | ০১টি | |
| (১) ইংরেজী | ০১টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ গড়ে শতকরা ৭৫% নম্বর (শুধুমাত্র মানবিক বিভাগের জন্য)। |
| (২) অর্থনীতি | ০১টি | |
| (৩) ভূগোল | ০১টি | |
| (১) বাণিজ্য (সকল শাখা) | ০২টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ গড়ে শতকরা ৭০% নম্বর (শুধুমাত্র বাণিজ্যিক বিভাগের জন্য)। |

২। কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হইতে পারিবে না।

৩। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে দণ্ড বিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৪। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থিগণ অবশ্যই পাঠ্যধারায় যোগদান করিবেন এই মর্মে নিশ্চয়তা প্রদান করিবেন।

৫। সদ্যতোলা পাসপোর্ট মাপের দুই কপি ছবি, পরীক্ষা পাসের সার্টিফিকেট। ২ কপি সত্যায়িত নম্বরপত্র (সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও সীলসহ প্রত্যায়নছাড়া গ্রহণযোগ্য হইবে না) ইত্যাদিসহ সাদা কাগজে নিম্নোক্ত তথ্য সম্বলিত জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র আগামী ৫/৩/৯১ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাইতে হইবে। জীবনবৃত্তান্তে নাম, পিতার নাম, বর্তমান (ফোন নাম্বার) ঠিকানা, জন্ম-তারিখ (১-৬-৯১ইং) বয়স, শিক্ষাগত যোগ্যতা/পরীক্ষার নাম, রোল নং, রেজিষ্ট্রেশন নম্বর, পাসের সন, বিভাগ, মেধানুসারে অবস্থান (যদি থাকে), প্রাপ্ত মোট নম্বর, পরীক্ষার শতকরা গড় নম্বর, বৃত্তির জন্য বিষয় উল্লেখ থাকিতে হইবে। প্রতিটি দরখাস্তের সঙ্গে প্রার্থীর নিজের ঠিকানাসহ ২ টাকার ডাকটিকিটযুক্ত খাম পাঠাইতে হইবে। দরখাস্ত প্রেরণের ১৫ দিনের মধ্যে দরখাস্ত-কারীকে প্রাপ্তি স্বীকারোক্তি রশিদ পাঠানো হইবে। আবেদনকারী যদি উক্ত সময়ের মধ্যে প্রাপ্তি রশিদ ও রেজিষ্ট্রেশন নম্বর না পান তবে তাঁহাকে শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১১তে যোগাযোগ করিতে হইবে। প্রার্থীরা বাংলাদেশ সচিবালয়ের ৫নং গেটে রক্ষিত কাঠের বাক্সেও দরখাস্ত দাখিল করিতে পারেন।

ডি,এফ,পি(স)—২২৮৮
স—৫০৫

(এম, শামসুল হক)
সিনিয়র সহকারী সচিব।